

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা  
[মুসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]



নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬, ২০২০(অংশ-১) / ৭৮

তারিখ: ১৭ অক্টোবর ২০২৪

বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০২৪ উদযাপন উপলক্ষে সেবা কেন্দ্র চালুকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জামানো যাছে যে, জাতীয় রাজস্ব বোর্ড বিগত বছরগুলোর ন্যায় এবাবও আগামী ১০ ডিসেম্বর ২০২৪ ভ্যাট দিবস এবং ১০-১৫ ডিসেম্বর ২০২৪ ভ্যাট সপ্তাহ পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সেবাসূচী এবং জনসুবৃত্তি ভ্যাট ব্যবস্থাপনা নির্মাণ কার্যক্রমের অংশ হিসেবে ১০-১৫ ডিসেম্বর ২০২৪ ভ্যাট সপ্তাহকে ভ্যাট সেবা সপ্তাহ হিসাবে পালন করার জন্য সকল কমিশনারেটে একটা করে সেবা কেন্দ্র চালু করে নিয়ন্ত্রিত সেবাসমূহ প্রদান নির্মিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) অনিবার্তিত প্রতিষ্ঠানসমূহকে ভ্যাট রেজিস্ট্রেশন করে দেয়া;
- (২) নিরবার্তিত প্রতিষ্ঠানসমূহকে ভ্যাট রেজিস্ট্রেশনে প্রয়োজনীয় সংশোধন করে দেয়া;
- (৩) প্রতিষ্ঠান সাময়িক বক্ত করার আবেদন তৈরি করে দেয়া;
- (৪) ভ্যাট রেজিস্ট্রেশন বাতিল করার আবেদন প্রস্তুত করে দেয়া;
- (৫) ভ্যাট দাখিলপত্র অনলাইনে দাখিল করে দেয়া;
- (৬) ভ্যাট দাখিলপত্রে সংশোধন করার আবেদন করা;
- (৭) কোনো ক্রয়ের ক্ষেত্রে রেয়াত পাওয়া যাবে কি না সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (৮) কোনো ক্রয়ের ক্ষেত্রে উৎসে ভ্যাট কর্তৃত করতে হবে কি না সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (৯) কোনো সরবরাহ রঙানি হিসেবে গণ্য হবে কি না সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১০) কোনো বিক্রয়ের ক্ষেত্রে ভ্যাট প্রযোজ্য হবে কি না সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১১) ভ্যাট অনলাইনের আইডি, পাসওয়ার্ড লকড হয়ে গেলে করণীয় কি সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১২) বিন লকড হয়ে গেলে করণীয় কি সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১৩) ব্যাংক এ্যাকাউন্ট ফ্রীজ করা হলে করণীয় কি সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১৪) ভ্যাট অফিস কর্তৃক গাড়ি, পণ্য আটক করা হলে করণীয় কি সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১৫) শতভাগ রঙানিকারক প্রতিষ্ঠান কি প্রক্রিয়া গ্যাস, পানি, বিদ্যুৎ ইত্যাদি পরিষেবার ক্ষেত্রে ভ্যাট অব্যাহতি পেতে পারেন সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১৬) অনিবার্তিত ভ্যাটদাতাকে ফোর্সড রেজিস্ট্রেশন দেয়া হলে করণীয় কি সে বিষয়ে পরামর্শ দেয়া;
- (১৭) ভ্যাট সংক্রান্ত হিসাবপত্র যেমন: চালানপত্র, ক্রয় হিসাব পুস্তক, বিক্রয় হিসাব পুস্তক ইত্যাদি কিভাবে লিখতে হয় তা হাতে-কলমে শেখানো;
- (১৮) পেছনের/পূর্ববর্তী সময়ের দাখিলপত্র অনলাইনে আপডেট করা;
- (১৯) বকেয়া পরিশোধে কিষ্ট সুবিধার আবেদন করে দেয়া;
- (২০) চলমান/বিচারাধীন মামলা এডিআর (বিকল্প বিরোধ নিষ্পত্তি) এর মাধ্যমে নিষ্পত্তির প্রক্রিয়া সম্পর্কে পরামর্শ দেয়া;
- (২১) ভ্যাট সংক্রান্ত যেসব কাজ ম্যানুয়ালী বা অনলাইনে করে দেয়া সত্ত্বে সেগুলো করে দেয়া;
- (২২) ভ্যাট সংক্রান্ত যেকোনো বিষয়ে পরামর্শ দেয়া; এবং
- (২৩) আপনার দপ্তরের বিবেচনায় ভ্যাট ব্যবস্থাপনা ভ্যাটদাতাদের জন্য সহজীকরণ সংক্রান্ত অন্যান্য সেবা।

০১। উল্লেখ্য, এ বিষয়টি নতুন বিধায় এ বছরের ভ্যাট দিবস এবং ভ্যাট সপ্তাহ উদযাপনের জন্য বাজেট প্রার্থনার সময় এ বিষয়টি বিবেচনায় নিয়ে আপনাদের দপ্তরের অনুকূলে বাজেট বরাদ্দ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

কমিশনার, কাস্টমস, একাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা  
(উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী/  
সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।

শ্রীঃ

প্রণয় চাকমা  
ঘৃটায় সচিব  
(মুসক করদাতা সেবা)

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০(অংশ-১) / ৩৮৮(২)

তারিখ: ১৭ অক্টোবর ২০২৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

১. সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. প্রেসিডেন্ট, কাস্টমস, এআইজ ও মুসক আপিলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৩. কমিশনার, কাস্টমস বড় কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৪. কমিশনার, কাস্টমস হাউজ, ঢাকা/ আইসিডি (কমলাপুর)/চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/ বেনাপোল, যশোর।
৫. মহাপরিচালক, কাস্টমস এআইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
৬. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৭. মহাপরিচালক, মুসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
৯. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা-১/২, ঢাকা।
১১. কমিশনার, কাস্টমস, এআইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ ঢাকা-১/২, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইল্ডে প্রকল্প, ঢাকা।
১৩. প্রকল্প পরিচালক, বড় ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৪. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. সিপ্টেম্বর ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [প্রতিটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
১৬. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৭/১০/২৪  
প্রধান চাকরি  
দ্বিতীয় সচিব  
(মুসক করদাতা সেবা)